# অবাধ নির্বাচনে বিএনপির জয় নিশ্চিত: মাহদী আমিন




মাহদী আমিন। ছবি: সংগৃহীত

বিএনপির জাতীয় সংসদ নির্বাচন পরিচালনা কমিটির মুখপাত্র ও দলের চেয়ারম্যানের উপদেষ্টা মাহদী আমিন বলেছেন, জনগণের ভোটের অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে একটি অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনে বিএনপির জয় নিশ্চিত।

বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) দুপুরে রাজধানীর গুলশানে দলের নির্বাচন পরিচালনা কমিটির কার্যালয়ে সংবাদ সম্মেলনে তিনি জানান, দীর্ঘদিন পর সাধারণ মানুষ ভোটাধিকার প্রয়োগের সুযোগ পাচ্ছে। এই সুযোগ সুষ্ঠুভাবে ব্যবহৃত হলে বিএনপির বিজয় অনিবার্য।

মাহদী আমিন আরও বলেন, গণমানুষের অধিকার প্রতিষ্ঠিত হচ্ছে। তবে নির্বাচনের নির্ধারিত আচরণবিধি ভঙ্গ করে কিছু প্রতিপক্ষ দলের পক্ষ থেকে সহিংসতা ও অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটেছে। তিনি নেতাকর্মীদের শান্তি ও শৃঙ্খলা বজায় রাখার আহ্বান জানান।

তিনি উল্লেখ করেন, ভোটগ্রহণ চলাকালীন পুরো পরিস্থিতি এখনও পরিষ্কার নয়। নোয়াখালী, কুমিল্লাসহ দেশের কিছু এলাকায় সহিংসতার ঘটনা দেখা গেছে।

সারাদেশে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সকাল সাড়ে ৭টা থেকে শুরু হয়ে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত চলবে। ভোটগ্রহণ শেষে প্রিজাইডিং কর্মকর্তারা প্রথম বেসরকারি ফলাফল প্রকাশ করবেন, পরে রিটার্নিং অফিসার এবং নির্বাচন কমিশন (ইসি) আনুষ্ঠানিকভাবে ফলাফল ঘোষণা করবেন।